

সোনারগাঁয় প্রাইভেট না পড়ায় ছাত্রকে মারধর, বিক্ষোভ

সোনারগাঁ (নারায়ণগঞ্জ) প্রতিনিধি ▶
 প্রাইভেট না পড়ার অপরাধে ছাত্রকে
 শিফক মারধর করার প্রতিবাদে
 মঙ্গলবার দুপুরে ওই শিফকের
 অপসারণের দাবিতে সোনারগাঁয়
 বিক্ষোভ হয়েছে।

অভিভাবকরা জানান, সোনারগাঁয়
 বারশী বহুমুখী উচ্চ বিদ্যালয় আফ
 কলেজের পাণ্ডিত্য শিফক ওমর ফারুক
 মিয়াতী, অষ্টম শ্রেণীর ছাত্র হাসান
 মাহমুদ অগনকে প্রাইভেট না পড়ায়
 মঙ্গলবার দুপুরে ক্লাসে ওই ছাত্রকে
 বেত্রাঘাত করেন।

ক্লাসে ওই ছাত্র অসুস্থ হয়ে পড়লে তাকে
 স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেওয়া
 হয়। খবর পেয়ে বিদ্যালয়ের পিতাবী ও
 অভিভাবকরা একজোট হয়ে ওই
 শিফকের অপসারণের দাবিতে বিক্ষোভ
 নিহিল করে। অবস্থার বেগতিক দেখে
 কুল ছুটি ঘোষণা করে কর্তৃপক্ষ।

আহত ছাত্রের বাবা এমদাদুল হক
 মিলন বলেন, আমার ছেলেকে প্রায়
 সমগ্রই প্রাইভেট পড়ার জন্য চাপ
 প্রয়োগ করেন ওই শিফক। প্রাইভেট

পড়তে রাজি না হওয়ায় তাকে বেত্রাঘাত
 করেন। ওই শিফকের অপসারণ না
 হওয়া পর্যন্ত আমাদের কর্মসূচি অব্যাহত
 থাকবে।

তিনি আরো বলেন, এর আগেও অনেক
 ছাত্রছাত্রী ওই শিফকের কাছে প্রাইভেট
 পড়তে রাজি না হওয়ায় তাদের
 বেত্রাঘাত করেন।

সহকারী শিফক ওমর ফারুক মিয়াতী
 তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ
 অস্বীকার করেন। প্রধান শিফক মোস্তফা
 মিয়া বলেন, বিষয়টি মীমাংসার জন্য
 আমরা তেঁা চাপাচ্ছি।

বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি
 জহিরুল হক জানান, অভিভাবক ও
 শিক্ষার্থীরা আমার কাছে এলে,
 সুবিচারের আশ্বাস দিলে পরিস্থিতি শান্ত
 হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদ
 হাসান জানান, সরকারি নিয়মনীতি
 উপেক্ষা করে কোনো শিফক প্রাইভেট
 পড়ার জন্য বেত্রাঘাত করে থাকলে
 তদন্ত করে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া
 হবে।